# Times Today BD

আজিজুল ইসলাম বারী | দেশজুড়ে | 27 June, 2025

লালমনিরহাটের হাতীবান্ধা উপজেলায় জমি চাষ করতে ট্রাক্টর নিয়ে যেতে জমির আইল ভেঙে যাওয়াকে কেন্দ্র করে ভাতিজার দায়ের কোপে চাচা আবু সামা (৬৫) খুন হয়েছেন।

শুক্রবার (২৭ জুন) দুপুরে উপজেলার সানিয়াজান ইউনিয়নের চর ঠ্যাংঝাড়া এলাকায় এ ঘটনা ঘটে।

নিহত চাচা আবু সামা ওই এলাকার মৃত জসিম উদ্দিনের ছেলে। অভিযুক্ত ভাতিজা একই এলাকার বছের আলীর ছেলে হাশেম আলী ঘটনার পর থেকে পলাতক রয়েছেন।

পুলিশ ও প্রত্যক্ষদর্শীরা জানান, চাচা আবু সামা বৃহস্পতিবার নিজের জমি চাষ করতে ট্রাক্টর নিয়ে জমিতে যান।এ সময় ট্রাক্টরের আঘাতে ভাতিজা হাশেমের জমির আইল ভেঙে যায়।যা নিয়ে চাচা ভাতিজার মাঝে বিতর্ক তৈরি হলে তাৎক্ষণিকভাবে স্থানীয়রা আপোষ করে দেন।

শুক্রবার দুপুরে চাচা আবু সামা তার ছেলেকে নিয়ে ভাতিজা হাশেম আলীর বাড়িতে যান। সেখানে জমির আইল ভেঙে দেয়ার ঘটনা নিয়ে আলোচনা উঠলে পুনরায় বিতর্ক তৈরি হয়।এর এক পর্যায়ে ভাতিজা হাশেম আলী উত্তেজিত হয়ে চাচাকে আবু সামাকে কোপ দিলে তিনি রক্তাক্ত জখম হন বলে অভিযোগ উঠে।

খবর পেয়ে স্থানীয়রা তাকে উদ্ধার করে হাতীবান্ধা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিলে কর্তব্যরত চিকিৎসকরা তাকে মৃত ঘোষণা করে।খবর পেয়ে থানা পুলিশ ঘটনাস্থলের পরিস্থিতি নিয়ন্ত্রন করে মৃত আবু সামার মরদেহ উদ্ধার করে লালমনিরহাট সদর হাসপাতাল মর্গে পাঠায়।

হাতীবান্ধা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক মেডিকেল অফিসার ডা. আনারুল হক বলেন, রক্তক্ষরণের কারণে হাসপাতালে আসার আগে তার মৃত্যু হয়েছে।

হাতীবান্ধা থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা(ওসি) মাহমুদুন্নবী বলেন, ঘটনাস্থলে অফিসার পাঠিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রন করা হয়েছে।ঘটনার তদন্তসহ অভিযুক্তদের গ্রেপ্তারের চেষ্টা চলছে।

খুন জমি বিরোধে হাতীবান্ধা লালমনিরহাট

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 00:45

URL: https://www.timestodaybd.com/public/across-the-country/3799775807